

নির্বাচনি পরীক্ষাপূর্ব প্রস্তুতিমূলক বিশেষ অনুশীলন-১

দ্বাদশ শ্রেণি

বিষয় কোড- ২৭৮

বিষয়: ব্যবসায় সংগঠন ও ব্যবস্থাপনা ২য় পত্র (সৃজনশীল)

সময়: ৪৫ মিনিট

পূর্ণমান: ২০

- ১। 'NAK সিরামিক' নামের একটি টাইলস প্রস্তুতকারী প্রতিষ্ঠান ২০০০ সাল হতে ইটালী থেকে কাঁচামাল এনে মানসম্মত টাইলস তৈরি করে আসছে। ২০১৮ সালের ইটালীতে কাঁচামালের দাম বেড়ে যাওয়ায় প্রতিষ্ঠানটি চীন থেকে কম দামে কাঁচামাল আমদানি করা শুরু করে। এভাবে দাম না বাড়িয়েই প্রতিষ্ঠানটি মানসম্মত টাইলস বাজারে সরবরাহ করতে পারছে।
- (ক) ব্যবস্থাপনার কাম্য পরিসর কী? ১
- (খ) আনুষ্ঠানিক সংগঠন শৃঙ্খলা রক্ষায় গুরুত্বপূর্ণ কেন? ২
- (গ) উদ্দীপকের প্রতিষ্ঠানটির ইটালী থেকে কাঁচামাল আমদানি প্রকৃতির ভিত্তিতে কোন ধরনের পরিকল্পনা? ব্যাখ্যা কর। ৩
- (ঘ) "উত্তম পরিকল্পনার একটি বিশেষ গুণের অনুসরণেই 'NAK সিরামিক' এর লক্ষ্য অর্জন সহজতর হয়েছে" উদ্দীপকের আলোকে বিশ্লেষণ কর। ৪
- ২। P শিল্পের যন্ত্রপাতির ত্রুটি-বিচ্যুতি দেখাশুনার জন্য একজন সিভিল ইঞ্জিনিয়ার, আইটি বিভাগের জন্য একজন আইটি বিশেষজ্ঞ এবং বাজারজাতকরণের জন্য একজন মার্কেটিং বিশেষজ্ঞকে দায়িত্ব দেয়া হল। ফলে শিল্প প্রতিষ্ঠানটিতে বিশেষায়নের সুবিধা পাওয়া গেল। অন্যদিকে Q প্রতিষ্ঠানের নির্বাহী ব্যবস্থাপক জনাব সামদানিকে সহায়তা করার জন্য জনাব আদনানকে অর্থ বিশেষজ্ঞ হিসেবে এবং জনাব সাইফুলকে উৎপাদন বিশেষজ্ঞ হিসেবে নিয়োগ দেয়া হল। এতে সামদানি সাহেবের কার্যভার হ্রাস পেল এবং বিশেষজ্ঞের সুবিধা পাওয়া গেল।
- (ক) পরিকল্পনা অঙ্গন কী? ১
- (খ) সিদ্ধান্ত গ্রহণে তথ্যের ভূমিকা ব্যাখ্যা কর। ২
- (গ) P শিল্পে কোন ধরনের সংগঠন কাঠামো বিদ্যমান? ব্যাখ্যা কর। ৩
- (ঘ) P শিল্প থেকে কি Q শিল্পের সংগঠন কাঠামো উন্নততর? মতামত দাও। ৪